

আন্তঃবিশ্ববিদ্যালয় টেবিল টেনিস প্রতিযোগিতায় জগন্নাথ  
বিশ্ববিদ্যালয় তৃতীয়



৪ ফেব্রুয়ারি, ২০১৯-সোমবার জগন্নাথ বিশ্ববিদ্যালয় টেবিল টেনিস দল উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান এর সাথে তার কার্যালয়ে সৌজন্য সাক্ষাৎ করে। এসময় জগন্নাথ বিশ্ববিদ্যালয় ক্রীড়া কমিটির আহ্বায়ক অধ্যাপক ড. মোহাঃ আলী নূর সহ ইনডোর গেমস কমিটির অন্যান্য সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

উল্লেখ্য আন্তঃবিশ্ববিদ্যালয় টেবিল টেনিস প্রতিযোগিতা ২০১৯ বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহে গত (২৭-৩১) জানুয়ারি পর্যন্ত অনুষ্ঠিত হয়। উক্ত প্রতিযোগিতায় জগন্নাথ বিশ্ববিদ্যালয় (ছাত্র) টেবিল টেনিস দল তৃতীয় স্থান অধিকার করে।